গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর
মেট্রোপলিটন সার্কেল, ঢাকা-১০০০।
www.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.১১১.১১.০০২.১৯ (পার্ট-১)

তারিখ : ১৬/১২/১৪২৮ বঙ্গাব্দ
৩০/০৩/২০২২ খ্রিস্টাব্দ

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা এর আওতাধীন ইউনিট/অফিসসমূহে রাজস্বভুক্ত বিভিন্ন শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে http://pmgmc.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড নং (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | ইউনিট/অফিসের নাম | সরাসরি কোটায় নিয়োগযোগ্য পদের সংখ্যা | যে এলাকা/জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ১. | ড্রাইভার (ভারী) | টাকা ৯৭০০-২৩৪৯০ গ্রেড নং-১৫ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী গাড়ী চালনায় ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা |
| | | | | ঢাকা নগরী দক্ষিণ বিভাগ | ১০ | ঢাকা মেট্রোপলিটন এলাকা |
| ২. | গ্যাস মিস্ত্রি | টাকা ৯৩০০-২২৪৯০ গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ; এবং (গ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ট্রেড কোর্সধারী। | পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা |
| ৩. | মিডওয়াইফ | টাকা ৯৩০০-২২৪৯০ গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে মিডওয়াইফারীতে ন্যূনতম ১(এক) বৎসরের সার্টিফিকেট কোর্স সম্পন্ন। | পোস্টাল ডিসপেন্সারী, ঢাকা | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| ৪. | পেইন্টার | টাকা ৮২৫০-২০০১০ গ্রেড নং-২০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (খ) পেইন্টিং এ দক্ষতা থাকতে হবে। | ঢাকা নগরী দক্ষিণ বিভাগ | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা |
| বিঃ দ্রঃ : এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। | | | | | | |

শর্তাবলী :

১। প্রার্থীর বয়সসীমা : ১৫/০১/২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বৎসর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

৩। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের মূল কপি এবং নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবীর সপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র প্রদর্শন করতে হবে এবং অনলাইনে পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের এক সেট ফটোকপি (সত্যায়িত) জমা দিতে হবে। এ ছাড়া ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের মূল কপি প্রদর্শনপূর্বক ফটোকপি (সত্যায়িত) জমা দিতে হবে।

৪। নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও কোন তথ্য অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী :
ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pmgmc.teletalk.com.bd এই ওয়েব সাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ: ০৪-০৪-২০২২ খ্রিঃ সকাল ১০:০০ টা এবং শেষ তারিখ: ২৫-০৪-২০২২ খ্রিঃ বিকাল ০৫:০০ টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant`s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant`s copy তে তাঁর সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১-৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (এক শত বার) টাকা এবং ৪ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: **PMGMC**<space>**UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **PMGMC ABCDEF** & send to 16222.
Reply : Applicant`s Name, **Tk.112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **PMGMC Yes PIN** and send to 16222.

দ্বিতীয় SMS : **PMGMC**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **PMGMC Yes 12345678** & send to 16222.
Reply : Congratulations Applicant`s Name, payment completed successfully for **** Application for post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgmc.teletalk.com.bd ওয়েবসাইট অথবা ডাক অধিদপ্তর এর ওয়েবসাইট www.bdpost.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড করে প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) User ID জানা থাকলে:**
**PMGMC**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222.
Example: **PMGMC Help User ABCDEF** & send to 16222.

**ii) PIN Number জানা থাকলে:**
**PMGMC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
Example: **PMGMC Help PIN 12345678** & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ডাক অধিদপ্তরের www.bdpost.gov.bd ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://pmgmc.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে vas.quary@teletalk.com.bd বা staff.pmgmetro@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: PMGMC. Post Name:******, Applicant`s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* যথাসময়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া হলো।

30/3/22

(মোছাঃ মানছুরা রহমান চৌধুরী)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
সংযুক্ত মেট্রোপলিটন সার্কেল, ঢাকা ও
সদস্য সচিব, নির্বাচন/বাছাই কমিটি।